




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-০০৪

তারিখ: ২৪/৬/২০১৮ খ্রি:।

বিষয়: নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ ঋণ আদায়ের বিপরীতে কমিশন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মেয়াদ আগামী ৩০ জুন, ২০১৮ খ্রি: তারিখে সমাপ্ত হবে। মেয়াদ শেষে অনুমোদিত আরডিপিপি'র নির্দেশনা এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ অনুযায়ী কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরবর্তিতে কর্মসূচি আলোকে পরিচালিত হবে। প্রকল্প মেয়াদে ঋণ কার্যক্রম গতিশীল ও উৎসাহ প্রদানের জন্য নীতিমালা অনুযায়ী সমিতির ম্যানেজার ও কর্মকর্তা-কর্মচারীদের কমিশন প্রদানের সংস্থান এবং এ সংক্রান্ত অফিস আদেশ/পরিপত্র অনুযায়ী তা পরিশোধের নির্দেশনা রয়েছে। চলতি অর্থ বছরে প্রকল্পটি সমাপ্ত হবে বিধায় ২৮/০৬/২০১৮ খ্রি: তারিখের পূর্বে যে সকল সমিতির বিতরণকৃত ঋণ শতভাগ নির্ধারিত সময়ের মধ্যে আদায় হয়েছে, সে সকল সমিতির বিপরীতে ম্যানেজার কমিশন এবং কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে চলতি অর্থ বছরের ২৭/০৬/২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত শতভাগ নির্ধারিত সময়ের মধ্যে ঋণ আদায়ের বিপরীতে কর্মকর্তা-কর্মচারী কমিশন প্রদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রকল্প মেয়াদ শেষে অর্থাৎ ৩০/০৬/২০১৮ খ্রি: তারিখের পর কোনরূপ কমিশন প্রদান করা যাবে না। আরও উল্লেখ্য যে, নীতিমালা বর্হিভূত কোন অতিরিক্ত কমিশনের অর্থ প্রদান করা হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা :-----,  
জেলা :-----।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকির অনুরোধসহ)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।